

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/ ১২ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২২৯-আইন/২০২০ — সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিদ্যমান “তফসিল” “তফসিল-১” হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে এবং উহার কলাম (১) এর ক্রমিক নং (১২) এর পর নিম্নরূপ ক্রমিক নং (১২ক) এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

(১২ক)	কার ড্রাইভার (গাড়ী চালক)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা গাড়ি চালনার লাইসেন্সধারী; (গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ; এবং (ঘ) অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।
				”;

(৮১০১)

মূল্য : টাকা ৪.০০

(খ) পুনঃসংখ্যায়িত তফসিল-১ এর পর নিম্নরূপ তফসিল-২ সংযোজিত হইবে, যথা:—

“তফসিল-২
[বিধি-২(খ) দ্রষ্টব্য]

পরীক্ষার নাম	পরীক্ষার বিষয়	পরীক্ষার নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
(ক) লিখিত পরীক্ষা	১। বাংলা	১০	৫০%	১ ঘন্টা
	২। ইংরেজি	১০		
	৩। গণিত	১০		
	৪। সাধারণ জ্ঞান প্রাসঙ্গিক/ টেকনিক্যাল	১০		
	মোট	৪০		
(খ) মৌখিক পরীক্ষা		১০		
	সর্বমোট	৫০		

”।

ব্যাখ্যা: কার ড্রাইভার (গাড়ী চালক) পদের লিখিত পরীক্ষা এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব।